সোমনাথ অমৃত মহোৎসব
মহাপুজো, জলাভিষেক মোদির

সঙ্কীর্ণতা, তোষণের রাজনীতিকে বিদায়ের ডাক

সংবাদ সংস্থা
সোমনাথ, ১১ মে

‘দেশে কিছু ‘শক্তি’ আছে যারা জাত্যভিমানের থেকেও তোষণের রাজনীতিকে গুরুত্ব দেয়। অযোধ্যায় রামমন্দির প্রতিষ্ঠার সময়ে এদের মনোভাব প্রকাশ্যে এসেছিল। এ ধরনের মানসিকতার প্রতি সতর্ক থাকতে হবে। এ ধরনের সঙ্কীর্ণতার রাজনীতিকে এবার বিদায় জানাতে হবে।’ সোমনাথ অমৃত মহোৎসবে যোগ দিয়ে বক্তব্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির।

সোমবার এক বর্ণাঢ্য রোড–শোয়ের মাধ্যমে সোমনাথ অমৃত মহোৎসবে যোগ দেন প্রধানমন্ত্রী। মহাদেবকে উৎসর্গ করে তৈরি সোমনাথ মন্দিরের সংস্কারের ৭৫ বছর উপলক্ষে এই অমৃত মহোৎসব। দেশের ১২টি জ্যোতির্লিঙ্গের অন্যতম সোমনাথ মন্দিরটি সংস্কারের পর ১৯৫১ সালে সেটি সর্বসাধারণের জন্য উদ্বোধন করেন দেশের প্রথম রাষ্ট্রপতি ড. রাজেন্দ্র প্রসাদ।

রোড শো শেষে মন্দিরে প্রবেশ করে মহাপুজো এবং জলাভিষেক করেন প্রধানমন্ত্রী। বৈদিক মন্ত্রোচ্চারণের মধ্যে দিয়ে কুম্ভাভিষেকের সাক্ষী থাকেন। কুম্ভাভিষেক, অর্থাৎ দেশের সব পবিত্র ধর্মস্থান থেকে আনা গঙ্গাজল দিয়ে মন্দিরের শিখর ধুইয়ে দেওয়ার রীতি।

সোমনাথ মন্দিরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সোমবার। ছবি: পিটিআই

তাঁর সঙ্গে ছিলেন গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং উপমুখ্যমন্ত্রী হর্ষ সাংভি।

মহাপুজো সেরে সোমনাথে এক জমায়েতে মোদি বলেন, ‘সর্দার বল্লভভাই প্যাটেল এবং ড. রাজেন্দ্র প্রসাদ সোমনাথ মন্দির সংস্কার করে নতুন চেহারা দিতে অনেক উদ্যোগ নিয়েছেন। কিন্তু বাধা পেয়েছেন তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর থেকে।’ কোনও শক্তিই ভারতকে নতজানু করতে পারবে না, এ কথায় জোর দিয়ে মোদি বলেন, ‘বার বার বিদেশি শত্রুরা এসে দেশের অনেক ঐতিহ্যবাহী স্থানে হামলা করেছে, ধ্বংস করেছে, লুঠপাট চালিয়েছে। এমন সব স্থানে, যা স্থান–মাহাত্ম্যে দেশের পরিচিতির সঙ্গে সম্পৃক্ত ছিল। কিন্তু যখনই মানুষ সুযোগ পেয়েছে, দেশের ঐতিহ্য পুনরুদ্ধার করেছে। আত্মসম্মান ফিরে পেয়েছে। তা সত্ত্বেও জাত্যভিমান নিয়ে রাজনীতি হয়েছে। সোমনাথ মন্দির তারই একটি অন্যতম প্রধান দৃষ্টান্ত। রামমন্দির নিয়ে এক শ্রেণির মধ্যে বিরোধিতা দেখা গিয়েছিল। তোষণের রাজনীতির মতো সঙ্কীর্ণতা ছেড়ে বেরিয়ে আসার প্রয়োজন আছে।’ মোদি জোর দিয়ে বলেন, ‘উন্নয়ন এবং ঐতিহ্যকে একসঙ্গে নিয়ে চলতে হবে। দেশের সাংস্কৃতিক কেন্দ্রগুলির প্রতি অবহেলা আদতে প্রগতির ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়ায়।’

সোমনাথ অমৃত মহোৎসবে যোগ দিতে রবিবার রাতে জামনগরে এসে পৌঁছোন প্রধানমন্ত্রী। সেখানে এক সংবর্ধনা সভায় সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে বিজেপির বিপুল জয়, ২৯৩টি আসনের মধ্যে ২০৭টি জেতার প্রসঙ্গ তুলে ধরে জানান, এই জয় নিয়ে আন্তর্জাতিক মহলেও কথা হচ্ছে। গুরুত্বপূর্ণ ব্যক্তিরা বিষয়টি নিয়ে বলেছেন। মোদির কথায়, ‘অনেক নির্বাচনে লড়েছি। অনেক জিতেছি। কিন্তু পশ্চিমবঙ্গে বিজেপির জয়ে সারা দেশের মানুষ স্বস্তি পেয়েছেন। বোঝাই যায়, বাংলার মানুষ কত দুর্দশায় ছিলেন।’

এদিন বীর হামিরজি সার্কল থেকে সোমনাথ মন্দির পর্যন্ত ১.৫ কিমি পথে প্রধানমন্ত্রীকে এক ঝলক দেখতে উপচে পড়েছিল উদ্বেল জনতার ভিড়। মন্দির পর্যন্ত যাত্রাপথে সঙ্গীত ও নৃত্য পরিবেশন করতে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ–সহ বিভিন্ন রাজ্যের লোকশিল্পীরা।

অমৃত মহোৎসবে এদিন এয়ার শোয়ের বন্দোবস্তও ছিল। জেট উড়িয়ে গেরুয়া, সাদা ও সবুজে আকাশে জাতীয় পতাকার রং ছড়িয়ে দেয় বায়ুসেনার সূর্যকিরণ অ্যাক্রোব্যাটিক টিম (স্কাট)।

মোদির বার্তায় আতঙ্কের কারণ নেই, বলল পেট্রোলিয়াম মন্ত্রক

আজকালের প্রতিবেদন
দিল্লি, ১১ মে

সরকারের কাছে পর্যাপ্ত পরিমাণে জ্বালানি মজুত রয়েছে এবং পশ্চিম এশিয়ার সঙ্কটে যাতে নাগরিকদের ওপর কোনও প্রভাব না পড়ে তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করা হচ্ছে। সোমবার আন্তঃমন্ত্রক পর্যায়ের সাংবাদিক সম্মেলনে জানাল কেন্দ্রীয় সরকার। এদিনের সাংবাদিক সম্মেলনে পেট্রোলিয়াম মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানান, কোনও খুচরো বাজার থেকে ব্ল্যাকআউট বা মজুত শেষ হয়ে যাওয়ার খবর আসেনি। তিনি জানিয়েছেন, অপরিশোধিত তেল, এলপিজি, পেট্রোল এবং ডিজেলের মজুতের কোনও ঘাটতি নেই ভারতে। সুজাতা শর্মা জানিয়েছেন, সঙ্ঘাত–জর্জরিত এলাকা থেকেই ভারতের শক্তিসম্পদের ৯০ শতাংশ আমদানি হয়। তবে কেন্দ্রীয় সরকার সেই পরিস্থিতির দ্রুত উন্নতি করার চেষ্টা করছে। কেন্দ্রীয় সরকার জানিয়েছে, দেশবাসীদের অযথা আতঙ্কিত হওয়ার কোনও প্রয়োজন নেই এবং দেশে জ্বালানির পর্যাপ্ত সরবরাহ রয়েছে। রবিবার প্রধানমন্ত্রী দেশবাসীকে বাড়ি থেকে কাজ করা, সোনা না কেনা, অযথা তেল খরচ না করার আহ্বান জানিয়েছেন। তারপর থেকেই দেশে আতঙ্ক ছড়িয়েছে। দেশে করোনাকালীন সময়ের মতো জরুরি পরিস্থিতি তৈরি হয়েছে কি না, তা নিয়ে জল্পনা তৈরি হয়। যুগ্ম সচিব বলেছেন, প্রধানমন্ত্রী শুধুমাত্র শক্তিসম্পদ বাঁচানো বা যতটা সম্ভব কম খরচ করার আহ্বান জানিয়েছেন এবং আন্তর্জাতিক এই টালমাটাল পরিস্থিতিতে দেশের মানুষের কাছে আহ্বান জানিয়েছেন যাতে আর্থিক বোঝা তৈরি না হয়।

সোনা আমদানি কমলে চাপমুক্ত হবে বৈদেশিক মুদ্রার ভাণ্ডার

সংবাদ সংস্থা
দিল্লি, ১১ মে

আমেরিকা ইরানের শান্তি প্রস্তাব নাকচ করায় প্রভাব পড়ল বিনিয়োগের বাজারে। সোমবার বাজার দেখল সোনার দামে পতন। ৬০০ টাকা কমে এদিন প্রতি ১০ গ্রাম সোনার দাম হয়েছে ১.৫৫ লক্ষ টাকা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক বছর দেশবাসীকে সোনা কেনার প্রবণতায় রাশ টানার পরামর্শ দিয়েছেন। মধ্যপ্রাচ্যের সঙ্ঘাতের বিরূপ প্রভাব থেকে অর্থনীতিকে রক্ষা করতে ও বৈদেশিক মুদ্রার মজুত ভাণ্ডার সুনিশ্চিত রাখতে এই পরামর্শ বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

দেশের একটা বড় অংশের মানুষের কাছে সঞ্চয়ের নিরাপদ ক্ষেত্র সোনা। তাঁরা সোনায় লগ্নি করেন। চাহিদা মেটাতে সোনা বিদেশ থেকে আমদানি করতে হয় কেন্দ্রকে। বৈদেশিক মুদ্রা খরচ করতে হয়। ১ মে পর্যন্ত হিসেব করলে দেখা যাবে ভারতের বৈদেশিক মুদ্রার ভাণ্ডারে ৭.৭৯৪ বিলিয়ন ডলার ছিল, তা এখন কমে হয়েছে ৬৯০.৬৯৩ বিলিয়ন ডলার। যুদ্ধের ধাক্কায় বেশি দামে জ্বালানি ও প্রাকৃতিক গ্যাস আমদানি করতে হচ্ছে। ফলে আগের চেয়ে এখন আমদানির খরচ বেড়েছে। বৈদেশিক মুদ্রা বেশি খরচ হচ্ছে।

যূনিয়ন বৈংক अॉफ इंडिया / Union Bank of India — A Government of India Undertaking

ইছাপুর শাখা
গারুলিয়া মেন রোড, পিনকল মোড়, ফার্স্ট ফ্লোর, মা দুর্গা মিষ্টান্ন ভাণ্ডার, পিন কোড–৭৪৩১৩৩

লকার ভেঙে খোলার নোটিস

বিষয়: লকার নং SA67 **লকার ধারকের নাম: শিবাণী সেন**

যেহেতু আপনি, উপরোক্ত লকার ধারক, ব্যাঙ্কের কাছে নিবন্ধিত ঠিকানায় ব্যাঙ্ক কর্তৃক প্রদত্ত বিবিধ নোটিস সত্ত্বেও লকারের ফি প্রদানে এবং শাখার সঙ্গে যোগাযোগে ব্যর্থ হয়েছেন। সেই কারণে আপনাকে এই নোটিসের তারিখ থেকে ৩ (তিন) মাসের মধ্যে অবিলম্বে শাখার সঙ্গে যোগাযোগ করার এবং ব্যাঙ্কের বকেয়া অবিলম্বে পরিশোধ দেওয়ার জন্য আহ্বান জানানো হচ্ছে। যেহেতু, আপনি বকেয়া পরিশোধ করেননি এবং বকেয়া আদায়ের জন্য সযত্ন ও বারংবার অনুস্মারক প্রেরণ সত্ত্বেও আপনি এখনও খেলাপকারী রূপে রয়েছেন। এর ফলস্বরূপ, ভাড়ায় নেওয়া লকারের ওপর আপনার সমস্ত অধিকার বাজেয়াপ্ত করা হয়েছে এবং ব্যাঙ্ক আপনাকে বরাদ্দ করা লকারটি পুনরায় নিজেদের দখলে নেওয়ার অধিকারী।

যেহেতু, পুনরায় দখলে নেওয়ার উক্ত অধিকার প্রয়োগ করে ব্যাঙ্ক আপনার উক্ত লকারের দখল নিয়েছে এবং আপনার খরচ ও দায়িত্ব সাপেক্ষে **১৪.০৮.২০২৬ তারিখে [নোটিস প্রকাশের তারিখ থেকে ৩ (তিন) মাস পরের তারিখ] দুপুর ১টায় (সময়)** সেটি ভেঙে খোলার সিদ্ধান্ত নিয়েছে।

এতদ্দ্বারা আপনাকে এই নোটিসের তারিখ (এই নোটিস প্রকাশের তারিখ) থেকে ৩ (তিন) মাসের মধ্যে যাবতীয় বকেয়া পরিশোধ করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, যদি আপনি উপরোক্ত খরচগুলি প্রদান করতে এবং এই নোটিসের তারিখ থেকে ৩ (তিন) মাসের মধ্যে লকারে রাখা সামগ্রী নিজের হেফাজতে নিতে ব্যর্থ হন, তবে ব্যাঙ্ক উপরোক্ত বকেয়া, খরচ এবং বিক্রয়ের খরচ মেটানোর জন্য প্রয়োজনীয় বলে মনে হওয়া সামগ্রী বা জিনিসপত্র/সম্পত্তির অংশ বিক্রয়ের বিষয়-এ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

অনুগ্রহপূর্বক আরও খেয়াল রাখবেন যে, নিলামে বিক্রির পর অবশিষ্ট সামগ্রী, যদি কিছু থাকে, তবে তা একটি নিরাপদ স্থানে রাখা হবে এবং এর জন্য আপনাকে বর্তমান ভাড়ার দ্বিগুণ বার্ষিক ভাড়া প্রদান করতে হবে যা আপনি প্রদানে দায়বদ্ধ।

তারিখ: ১২ মে, ২০২৬ **শাখা ব্যবস্থাপক / অনুমোদিত স্বাক্ষরকারী**

Tender Notice

ABRIDGED NOTICE INVITING QUOTATION
e-NIQ No. : WBIW/EE/NID/e-NIQ-01/2026-27

The Executive Engineer Nadia Irrigation Division, Krishnagar, Nadia, I & W. Dte. on behalf of Hon'ble Governor of West Bengal invites online e-Quotation from eligible bonafide outsider contractor having required eligibility for Hiring of 02 (Two) nos. Vehicles under the jurisdiction of Nadia Irrigation Division, Krishnagar, Nadia.

Last date and time of submission of application— 25.05.2026 upto 17.00 Hours. The tender forms and other details can be obtained from the website www.wbiwd .gov.in & https://wbtenders.gov.in

Sd/-
Executive Engineer, Nadia Irrigation Division, Krishnagar, Nadia.

ইন্ডিয়ান ব্যাঙ্ক / Indian Bank — ইলাহাবাদ / ALLAHABAD

পরিশিষ্ট–IV [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

জামশেদপুর মেন ব্রাঞ্চ
১-এ, রাম মন্দির এরিয়া, লক্ষ্মী মার্কেট, মেন রোড বিষ্টুপুর
বিষ্টুপুর, জামশেদপুর–৮৩১০০১

যেহেতু:
ইন্ডিয়ান ব্যাঙ্ক, জামশেদপুর মেন ব্রাঞ্চ-এর **অনুমোদিত আধিকারিক** হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৮ ও ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা মিঃ সত্যশিব সিং**-এর প্রতি **২৯.১২.২০২৫ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹৪৩,৪৭,৪৩৯.০০** (তেতাল্লিশ লক্ষ সাতচল্লিশ হাজার চারশো উনচল্লিশ টাকা মাত্র), তৎসহ উদ্ভূত সুদ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **৭ মে, ২০২৬** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹৪৩,৪৭,৪৩৯.০০** (তেতাল্লিশ লক্ষ সাতচল্লিশ হাজার চারশো উনচল্লিশ টাকা মাত্র) এবং এর ওপর উদ্ভূত সুদ সমেত **ইন্ডিয়ান ব্যাঙ্ক**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

‘সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থানগুলির প্রতি আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি যেখানে সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে আপনাদের প্রতি উপলব্ধ অধিকারের বিষয়ে উল্লেখ করা আছে।’

স্থাবর **সম্পত্তির বিবরণ**

বন্ধকী সম্পত্তি: সমগ্র প্রেমিসেসের বিবরণ– কাঠামো সহ ২৩.৫ কাঠা (সামান্য কমবেশি) জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: (পুরনো) দাগ নং ১৮৭৫, এল আর দাগ নং ১৮৯০, আংশিক (পুরনো) দাগ নং ১৮২৫, এল আর দাগ নং ১৮৯০, (পুরনো) সি এস খতিয়ান নং ২৮৯, (নতুন) সি এস খতিয়ান নং ৩০৮২, এল আর খতিয়ান নং ৩৩৪৪, নতুন এল আর নং ১৫০০, মৌজা– আড়গড়ি, এল এল নং ২৭, থানা– সাঁকরাইল, জেলা– হাওড়া।

সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– পঞ্চায়েত রাস্তা; পূর্ব– পুকুর; দক্ষিণ– আনুমানিক ৬০ ফুট চওড়া আন্দুল রোড; পশ্চিম– পঞ্চায়েত রাস্তা।

ফ্ল্যাট এবং কার পার্কিং স্পেসের বিবরণ– প্রেমিসেস দাগ নং ১৮৯০ আড়গড়ি, আন্দুল রোড হাওড়া-তে (‘অর্কিড টাওয়ার’ নামে পরিচিত) অবস্থিত বিল্ডিংয়ের ফ্লোর নং ১০, ফ্ল্যাট নং ১০এফ হিসেবে ৩টি বেডরুম, ১টি ডাইনিং, ১টি কিচেন, ১টি টয়লেট, ১টি ডব্লিউ সি, ১টি বারান্দা এবং টাইলস মেঝে সমন্বিত প্রায় ১২২৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার সামান্য কমবেশি একটি আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ এবং উক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে সিমেন্টের মেঝে যুক্ত একটি মাঝারি মাপের কার পার্কিং স্পেস ও সেই সঙ্গে জমি এবং সাধারণ সম্পত্তিতে অবিভক্ত স্বত্ব ও অধিকার সহ। বিল্ডিংয়ে লিফট সুবিধা, জিমনেসিয়াম এবং কমিউনিটি হল রয়েছে।

বন্ধকি দলিলের বিবরণ: ০২ নভেম্বর, ২০১৮ তারিখের ডিড অফ কনভেয়েন্স নং I-৮২২২/২০১৮।

তারিখ: ০৭.০৫.২০২৬ **অনুমোদিত আধিকারিক**
স্থান: জামশেদপুর **ইন্ডিয়ান ব্যাঙ্ক**

pnb Housing Finance Limited — Ghar Ki Baat

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কে জি মার্গ, নতুন দিল্লি–১১০০০১, ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪; ওয়েবসাইট: www.pnbhousing.com
কলকাতা শাখা : ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(১) অনুসারে ও সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি(গুলি) জারি করেছিলেন, যার মাধ্যমে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক উক্ত বিজ্ঞপ্তি(গুলি)র তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/দের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা/গণ দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/গণ এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তি/সমূহের দখল নিয়েছেন। বিশেষত উক্ত ঋণগ্রহীতা/গণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি/সমূহ নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি/সমূহ নিয়ে যে কোনও প্রকার লেনদেন নিম্নে বর্ণিত অর্থাঙ্ক ও তার ওপর ঋণচুক্তি মোতাবেক নির্ধারিত সুদ–সমেত পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদারের নাম	দাবি বিজ্ঞপ্তির তারিখ	বকেয়া অর্থাঙ্ক	দখল নেওয়ার তারিখ	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ
NHL/ KOL/1222/1 064353, শাখা অফিস: কলকাতা	টুম্পা রায় এবং মনোজ রায়	০৬.১২.২০২৪	₹৫০,৬৮,৭০৪.৯৪/– (পঞ্চাশ লক্ষ আটষট্টি হাজার সাতশো চার টাকা এবং চুরানব্বই পয়সা মাত্র) ০৬.১২.২০২৪ অনুযায়ী বকেয়া	০৭.০৫.২০২৬ (প্রতীকী দখল)	উপরিস্থিত ৪০০ বর্গফুট মাপের কাঠামো সহ ৪ কাঠা বা ০৬.৬০ শতক বা ২৮৮০ বর্গফুটের সমতুল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, অংশত আর এস দাগ নং ৪৭২, এল আর দাগ নং ২৫৬৬, আর এস খতিয়ান নং ৯৯৯, এল আর খতিয়ান নং ৪০৩৫, মৌজা দেউলপাড়া, জে এল নং ৫, তৌজি নং ৭০১, আর এস নং ২০, হাল ১, থানা নৈহাটি, জেলা উত্তর ২৪ পরগনা। বর্তমানে জানা ও চিহ্নিত মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৮৪৭, শাস্ত্রী নগর, নৈহাটি পুরসভার ওয়ার্ড নং ২৩। চৌহদ্দি : উত্তর– সমরেশ চন্দ্র রায়ের সম্পত্তি; দক্ষিণ– ৪ ফুট চওড়া রাস্তা; পূর্ব– সুনীতা দাস এবং স্বপন দাস; পশ্চিম– অধীর সূত্রধরের সম্পত্তি।

স্থান: কলকাতা; তারিখ: ০৭.০৫.২০২৬ **অনুমোদিত আধিকারিক, (মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড)**

पंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक! / pnb punjab national bank ...the name you can BANK upon!

স্বর্ণ নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

মেদিনীপুর (স্কুলবাজার) ব্রাঞ্চ
রাজা নরেন্দ্রলাল খান রোড, স্কুলবাজার, মেদিনীপুর, পিন–৭২১১০১

যেহেতু,
ব্যাঙ্কের বকেয়া প্রদানের দাবি জানিয়ে ঋণগ্রহীতার প্রতি জারি করা নোটিশের প্রেক্ষিতে **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, মেদিনীপুর (স্কুলবাজার) ব্রাঞ্চের** নিম্নলিখিত বিভিন্ন ব্রাঞ্চে বন্ধক রাখা নিম্নলিখিত স্বর্ণ সামগ্রী/অলঙ্কার দখল নিয়েছে এবং যেহেতু বকেয়া প্রদানে বারবার ব্যর্থতায়, ঋণগ্রহীতার বন্ধকের চুক্তির অধীনে নিম্নস্বাক্ষরকারী স্বর্ণ সামগ্রী/অলঙ্কারগুলি **‘যা কিছু আছে’, ‘যেমন আছে’, ‘যেভাবে আছে’ এবং ‘রিকোর্স ছাড়া’** ভিত্তিতে **০৩.০৬.২০২৬ তারিখের বিকাল ৩টায়** নিম্নে উল্লিখিত ব্রাঞ্চ প্রেমিসেসে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। সকল মাশুল/চার্জ ঋণগ্রহীতা(গণ) কাছ থেকে উদ্ধার করা হবে। নিলামের উদ্বৃত্ত অর্থাঙ্ক সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ প্লাস অন্যান্য চার্জ সমন্বয়ের পর ঋণগ্রহীতাকে ফেরত দেওয়া হবে এবং নিলাম পরবর্তী বাকি অর্থাঙ্ক ঋণগ্রহীতা(গণ) কাছ থেকে যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে উদ্ধার করা হবে। যদি গ্রাহক প্রয়াত হন, নিলামের নিয়ম ও শর্তাবলী তাঁর আইনি উত্তরাধিকারীগণের উপর বর্তাবে।

ব্রাঞ্চের নাম ও ঠিকানা (প্রকাশ্য নিলামের স্থান)	ক) অ্যাকাউন্ট নম্বর খ) ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	স্বর্ণ সামগ্রী/ স্বর্ণালঙ্কারের বিবরণ	সংরক্ষণ মূল্য (মূল্যায়নের তারিখে স্থিরীকৃত)	বায়না জমা (ইএমডি)
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, মেদিনীপুর (স্কুলবাজার) ব্রাঞ্চ রাজা নরেন্দ্রলাল খান রোড, স্কুলবাজার, মেদিনীপুর, পিন–৭২১১০১	**ক) অ্যাকাউন্ট নম্বর:** ০১৮০২০পিএ০০০০১৫৬০ **খ) মিসেস মান্টি দোলুই** ক্ষীরপাড়া, দোয়ারিবাঁধ, নিমতলা, মেদিনীপুর পিন–৭২১১০১	১. চেন একটি ২. কানের দুল দুটি ৩. কানের দুল দুটি ৪. কানের দুল দুটি ৫. হার তিনটি	১. ₹ ১,৩৫,৫৪০.০০ ২. ₹ ১২,১৯৮.০০ ৩. ₹ ১৪,৯০৯.০০ ৪. ₹ ১৩,৫৪৪.০০ ৫. ₹ ২১,৬৮৬.০০	১. ₹ ১৩,৬০০.০০ ২. ₹ ১,৩০০.০০ ৩. ₹ ১,৫০০.০০ ৪. ₹ ১,৪০০.০০ ৫. ₹ ২,২০০.০০

প্রকাশ্য নিলামের তারিখ অনুযায়ী পরিবর্তিত হতে পারে

তারিখ: ১১.০৫.২০২৬ **ব্রাঞ্চ ম্যানেজার**
স্থান: মেদিনীপুর **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, মেদিনীপুর (স্কুলবাজার) শাখা**

বিজ্ঞপ্তি
পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ভারত সরকারের বিজ্ঞপ্তি নম্বর এস.ও.১৫৩৩(ই) তারিখ ১৪.০৯.২০০৬ অনুসারে, এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে **মেসার্স ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন লিমিটেড** কর্তৃক প্রস্তাবিত বালি খাদান প্রোজেক্টগুলির খননের জন্য জনশুনানি **২৮.০৫.২০২৬** তারিখে পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলায় পুনরায় ধার্য করা হয়েছে। শুনানিগুলির নির্দিষ্ট সময় এবং স্থান নিম্নে বর্ণিত করা হল :

বালি খাদানের নাম	শুনানির তারিখ ও সময়	শুনানির স্থান
MIN_BNK_84A Sand Mine মৌজা–ঘোড়াডাঙ্গা, জে.এল. নং–২৯, প্লট নং–৭৪১, ৭৬৬, ৭৪৮/৮৮৯, ৭১৮/৮৯০, ৭৪১/৯১৪, ৭৪১/৯১৭, ৭৪১/৯২১, ৯২২/৯২২, থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২৬.৬০ হেক্টর (৬৫.৭৩ একর) জায়গা জুড়ে।	২৮.০৫.২০২৬ দুপুর ২টা	পাত্রসায়র ব্লক অফিসের কার্যালয়, জেলা–বাঁকুড়া
MIN_BNK_84B Sand Mine মৌজা–ঘোড়াডাঙ্গা, জে.এল. নং–২৯, প্লট নং–৭৪১, ৭৬৬, ৭৪৮/৮৮৯, ৭১৮/৮৯০, ৭৪১/৯১৪, ৭৪১/৯১৭, ৭৪১/৯২১ এবং ৯২২/৯২২, থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২২.০০ হেক্টর (৫৪.৩৬ একর) জায়গা জুড়ে।	২৮.০৫.২০২৬ দুপুর ২.৩০টা	
MIN_BNK_84D Sand Mine মৌজা–ঘোড়াডাঙ্গা, জে.এল. নং–২৯, প্লট নং–৭৪১, ৭৬৬, ৭৪৮/৮৮৯, ৭১৮/৮৯০, ৭৪১/৯১৭, ৭৪১/৯২১ এবং ৯২২/৯২২, থানা ও ব্লক–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২২.০০ হেক্টর (৫৪.৩৬ একর) জায়গা জুড়ে।	২৮.০৫.২০২৬ দুপুর ৩টা	

এই বিজ্ঞপ্তিটি গত ০৬.০৩.২০২৬ তারিখে ‘আজকাল’, ‘মিলেনিয়াম পোস্ট’ এবং ‘সানমার্গ’ পত্রিকায় পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তিটির ধারাবাহিক রূপে গণ্য হবে।

সদস্য সচিব
পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

ICICI Bank
ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলাম

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

ক্রম নং	ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য / বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই–নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১	মিসেস তুলি বরাই (ঋণগ্রহীতা) পল্লব পাল (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBCAL00006421568	ফ্ল্যাট নং ৩সি, ফ্লোর নং ৩, উত্তর–পূর্ব দিক অভিমুখী, ‘গ্রেস অ্যাপার্টমেন্ট’, প্রেমিসেস নং ২৩৫/১/বি, নেতাজি সুভাষ চন্দ্র বোস রোড, দাগ নং ১০ ও ১১, সি এস খতিয়ান নং ১২০ ও ২২৪, জে এল নং ৪৬, তৌজি নং ১৫১ ও ১৫২, ওয়ার্ড নং ৯৮, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, থানা– নেতাজি নগর (পূর্বতন যাদবপুর), অ্যাসেসি নং ২১–০৯৮–০৬–৪৭২৭–৪, মৌজা–খানপুর, পরগনা– খাসপুর, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রেশন অফিস– আলিপুর, জেলা–দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা–৭০০০৯২, পশ্চিমবঙ্গ, কভার্ড/ বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৫৮৭ বর্গফুট এবং সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৭০৪ বর্গফুট, তৎসহ প্রেমিসেস নং ২৩৫/১/বি রূপে নির্মিত উক্ত গ্রাউন্ড + তিনতলা বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে উত্তর–পূর্ব দিক অভিমুখী সামান্য কমবেশি ১৩৫ বর্গফুট মাপের কার পার্কিং স্পেস নং ১।	₹ ৩৫,৬২,১৯৩.২৫ ৬ মে, ২০২৬ অনুযায়ী	₹ ২০,০০,০০০/– / ₹ ২,০০,০০০/–	২১ মে, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	৩ জুন, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://BidDeal.in)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ২ জুন, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং ‘E’ দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ২ জুন, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ২ জুন, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ২ জুন, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে ‘ICICI Bank Limited’–এর অনুকূলে Kolkata–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে।

সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৩৩৪৩৪৩৯ নম্বরে যোগাযোগ করবেন।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এবং (২) গিরনারসফ্ট প্রাঃ লিঃ–কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১২ মে, ২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

EXIDE
এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড
CIN: L31402WB1947PLC014919
নিবন্ধিত কার্যালয়: ‘এক্সাইড হাউস’, ৫৯ই চৌরঙ্গি রোড, কলকাতা– ৭০০ ০২০
ফোন: (০৩৩) ২৩০২৩৪০০/২২৮৩ ২১১৮;
ই-মেল: exideindustrieslimited@exide.co.in
ওয়েবসাইট: www.exideindustries.com

বিজ্ঞপ্তি

দ্বিতীয় রিমাইন্ডার- বাস্তবিক শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি
বাস্তবিক শেয়ারগুলি স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য স্পেশাল উইন্ডো

সেবি সার্কুলার নং. এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/আই/৩৭৫০/২০২৬ তারিখ জানুয়ারি ৩০, ২০২৬ এবং সেবি-র পূর্বতন সার্কুলার নং. সেবি/এইচও/এমআইআরএসডি/এমআইআরএসডি-পিওডি/পি/সিআইআর/২০২৫/৯৭ তারিখ জুলাই ০২, ২০২৫ ("সেবি সার্কুলারগুলি") অনুযায়ী, এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড- এর শেয়ারহোল্ডারদের এতদ্বারা জানানো হচ্ছে যে এপ্রিল ০১, ২০১৯ তারিখের আগে বিক্রয়/ক্রয় করা ট্রান্সফার ডিডের পুনঃস্থাপন এবং বাস্তবিক সিকিউরিটিজের ডিমেটেরিয়ালাইজেশনের জন্য ফেব্রুয়ারি ০৫, ২০২৬ থেকে ফেব্রুয়ারি ০৪, ২০২৭ তারিখ এক বছরের জন্য অন্য একটি স্পেশাল উইন্ডো খোলা হয়েছে।

এই স্পেশাল উইন্ডোটি শুধুমাত্র ১লা এপ্রিল ২০১৯ তারিখের আগে বিক্রি বা ক্রয় করা সিকিউরিটিজের জন্য প্রযোজ্য। এটি সেইসব স্থানান্তর অনুরোধকেও অন্তর্ভুক্ত করে যা পূর্বে প্রত্যাখ্যাত হয়েছিল, ফেরত দেওয়া হয়েছিল বা নথি বা প্রক্রিয়ার ত্রুটির কারণে অপ্রয়োজনীয় ছিল, যা এখন উপরে উল্লিখিত সময়ের মধ্যে সংশোধনের পরে পুনরায় জমা দেওয়া যেতে পারে। এই সময়সীমার অধীনে পুনঃস্থাপন করা সমস্ত স্থানান্তর কেবলমাত্র ডিমেটিরিয়ালাইজড আকারে প্রক্রিয়া করা হবে যখন সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) দ্বারা নথিগুলি ক্রমানুসারে পাওয়া যাবে। এই ধরনের সিকিউরিটিজ স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে এক বছরের জন্য লক-ইন অবস্থায় থাকবে।

এই স্পেশাল উইন্ডোর অধীনে জমা দেওয়া স্থানান্তর অনুরোধগুলি সম্পূর্ণ ডকুমেন্টেশন প্রাপ্তির তারিখ থেকে ৭০ দিনের মধ্যে কোম্পানি/আরটিএ দ্বারা কার্যকর করা হবে। বিনিয়োগকারী/স্থানান্তরকারী কর্তৃক পূরণ করা পদ্ধতি এবং শর্তাবলী সেবি সার্কুলারগুলিতে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে এবং কোম্পানির ওয়েবসাইট www.exideindustries.com এবং আরটিএ-র ওয়েবসাইট www.cbmsl.com-এর মাধ্যমে অ্যাক্সেস করা যেতে পারে।

সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণ যাঁদের ৬ জানুয়ারি ২০২৬ তারিখের পূর্ববর্তী সময়সীমা মিস হয়েছে, তাঁদের নীচে প্রদত্ত ঠিকানায় কোম্পানির আরটিএ-তে প্রয়োজনীয় নথিপত্র জমা দিয়ে অথবা cosec@exide.co.in ই-মেল আইডিতে কোম্পানিকে চিঠি লিখে এই সুবিধা গ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।

আরও যে কোনও প্রশ্নের জন্য, শেয়ারহোল্ডাররা আরটিএ [ইউনিট: এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড] ই-মেল rta@cbmsl.com-এ চিঠি লিখতে পারেন।

সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাইভেট) লিমিটেড
সংশ্লিষ্ট ঠিকানা: রসোই কোর্ট, ষষ্ঠ তল,
২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা- ৭০০ ০০১
টেলিফোন- +৯১৩৩৪০১১৬৭০০, ৪০১১৬৭২৫, ৪০১১৬৭২৯
ই-মেল: rta@cbmsl.com

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বাক্ষর/-
জিতেন্দ্র কুমার
কোম্পানি সেক্রেটারি এবং প্রেসিডেন্ট
(আইনি ও কর্পোরেট বিষয়ক)
স্থান: কলকাতা
তারিখ: ১১.০৫.২০২৬ এসিএস নং. ১১১৫৯

GOVERNMENT OF INDIA
MINISTRY OF DEFENCE
EX-SERVICEMEN CONTRIBUTORY HEALTH SCHEME
STATION HQ (ECHS CELL) KOLKATA
TELE NO : 033-2230 0883, E-MAIL – shqkolkata@echs.gov.in

EMPLOYMENT NOTICE

1. ECHS invites applications to engage following Medical and Non Med staff on contractual basis in 2 x ECHS Polyclinics viz Kolkata and Baruipur for a period of one year renewable for additional period of one year / till attaining the maximum age subject to performance of candidates /other conditions according to the criteria as mentioned against each post. **Civilian candidate if selected in lieu of ESM reserve vacancy will be eligible to serve only for 11 months from the date of appointment. The said vacancy will fall vacant thereafter for being made available to ESM.**

Ser No	Appointment	Minimum Qualification	No of Tentative Vacancies in FY 2026-27	Fixed Remuneration
1.1	Officer-in-Charge	Graduate, minimum 05 years work experience in Health Care Institutions or Managerial positions	01	Rs. 95,000/-
1.2	Medical Officer	MBBS, minimum 03 years experience after internship	01	Rs. 95,000/-
1.3	Chowkidar	Class 8th, General Duty Trade for Armed Forces Personnel.	01	Rs. 21,800/-

2. All employee may be employed or transferred to any Polyclinic under Station Cell (ECHS) Kolkata i.e Kolkata, Salt Lake, Howrah & Baruipur for a temp period or entire pd. A reserve pool will be maintained amongst the candidate found fit & will be employed subsequently for a period of one year. Subsequent extension for one year will follow as per existing protocols. Preference will be given to ESM in each category.
3. **For detailed QR, Terms & Conditions, Application Forms & Remuneration,** Kindly refer to ECHS website **www.echs.gov.in.** For any details, please contact Station Cell (ECHS), Headquarters Bengal Sub Area, 246 AJC Bose Road, near SSKM Hospital, Alipore, Kolkata-27 at Tele No 033 2230 0883. Also approach any ECHS Polyclinic for same. **Application can be downloaded from Employment Opportunities-Advertisement tab of ECHS Website or obtained from Station Cell Kolkata or any ECHS Polyclinic in mention in paragraph.**
4. **Last date of receipt of application as per format.** Application as per requisite format alongwith self attested photocopies of testimonials in support of Education Qualifications and work experience, Discharge Book, PPO (in case of ESM), PAN & Aadhar card will be submitted to OIC Station Cell (ECHS) Kolkata by **26 May 2026 through registered by post / by hand.** Lack of any requisite document will render candidate ineligible for interview.
5. **Interview Date, Timings & Venue. Interview will be conducted in First week of Jun 2026. Final date will be intimated by first week of Jun 2026 on individual email and a notice will also be put up in the notice board of Station Cell ECHS Kolkata.** Candidates must bring original Degree/Certificates, photocopy of testimonials / experience certificate. PPO, Discharge Book, Service Book and two PP size photographs at the time of interview. No TA/DA is admissible. Only candidates meeting the Qualitative Requirements may apply. All candidates are requested to reach by the interview location i.e; Station Cell Kolkata by **0830h on the interview date.**